



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২০, ১৯৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বিজ্ঞপ্তি

ঢাকা, ১৫ই নভেম্বর, ১৯৮৬

নং এস. আর. ও. ৪৪৩-এল/৮৬—The State-owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service) Ordinance, 1985 (XXXIX of 1985)-এর ৩(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের ১০ই আগস্ট ১৯৮৫ ইং তারিখের এস. আর. ও. ৩৬৩/এল-৮৫ নং বিজ্ঞপ্তিটিতে নিম্নবর্ণিত সংশোধন করি.লন, যথাঃ—

উক্ত বিজ্ঞপ্তির ৩ অনুচ্ছেদে, (৪) উপ-অনুচ্ছেদের পর, নিম্নবর্ণিত নূতন উপ-অনুচ্ছেদ সংযোজিত হইবে, যথাঃ

“(৫) ১৯৮৫ সালের ১লা জুনের পূর্বে পদোন্নতিপ্রাপ্ত কোন শ্রমিকের প্রারম্ভিক মজুরী নির্ধারণ করিবার ক্ষেত্রে যদি দেখা যায় যে, তিনি পদোন্নতি না পাইলে পুরানো স্কেলে তাহার যে মজুরী প্রাপ্য হইত উক্ত স্কেলের করেসপন্ডিং নূতন স্কেলে তাহার প্রাপ্য মজুরী তাহা হইতে কম হয়, তাহা হইলে তাহার মজুরী নূতন স্কেলের এমন ধাপে নির্ধারণ করা হইবে যাহাতে তাহা তাহার পুরানো স্কেলে প্রাপ্য মজুরী হইতে কম না হয়।

উক্ত প্রকারে নির্ধারিত মজুরী যদি তাহার উচ্চতর পদের জন্য প্রাপ্য নূতন স্কেলের কোন স্তরে পড়িয়া যায় তবে সেই স্তরেই তাহার মজুরী নির্ধারিত হইবে। অন্যথায় তাহার মজুরী উচ্চতর পদের জন্য প্রাপ্য নূতন স্কেলের যে স্তরটি পূর্বেই নির্ধারিত মজুরীর নিকটতম উচ্চ স্তর হয় সেই স্তরে নির্ধারিত হইবে। উচ্চতর পদে প্রাপ্ত মজুরী স্কেলে উক্ত শ্রমিকের বাৎসরিক বেতন বর্ধনের তারিখ অপরিবর্তিত থাকিবে।”

২। অত্র বিজ্ঞপ্তি ১৯৮৫ ইং সালের ১লা জুন হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস. এ. রশীদ
উপ-সচিব।

কলকাতা ও বায়দল মোক্তারের ডেপুটি কমিশনার, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয় ঢাকা কর্তৃক মুদ্রিত।
মুদ্রণ কর্তৃক হোসেন ডেপুটি কমিশনার বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস তেজগাঁও ঢাকা কর্তৃক প্রকাশিত।

(১৪১৫৫)

মূল্য: ৩০ পয়সা